# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১**


বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২৯

তারিখ: ১৮ আগস্ট ২০২৬
০৩ ভাদ্র ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**Employment Visa ক্যাটাগরিতে বাংলাদেশে কর্মরত বিদেশি নাগরিকদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ২৯ এপ্রিল ২০২৬ তারিখে জারিকৃত পরিপত্র (স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.১৫৫.০৩১.৩১.০৩৬.২২-১৩০) এর মাধ্যমে বাংলাদেশে 'A3' ভিসা ক্যাটাগরিতে কর্মরত বিদেশি নাগরিকদের বেতন-ভাতাদি ব্যাংকের মাধ্যমে গ্রহণ করার বিষয়টি স্পষ্টীকরণ করা হয়েছে। 'A3' ভিসা ক্যাটাগরিতে বাংলাদেশে আগত বিদেশি নাগরিকদের বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) হতে ওয়ার্ক পারমিট গ্রহণ করতে হয় এবং তা মেয়াদান্তে নবায়ন করতে হয়। উক্ত ওয়ার্ক পারমিটে ব্যাংকের মাধ্যমে বেতন-ভাতাদি গ্রহণের বিষয়ে শর্তারোপ করা হয়ে থাকে। উল্লেখ্য, অন্যান্য Employment Visa ক্যাটাগরিতে বাংলাদেশে কর্মরত বিদেশি নাগরিকদের বেতন-ভাতাদিও ব্যাংকের মাধ্যমে গ্রহণ করার প্রয়োজন হয়ে থাকে।

২. এমতাবস্থায়, 'A3' ক্যাটাগরিসহ অন্যান্য ভিসা ক্যাটাগরির আওতায় বাংলাদেশে কর্মরত বিদেশি নাগরিকদের ওয়ার্ক পারমিট হালনাগাদ থাকলে তাঁদের ব্যাংক হিসাব খোলার বিষয়ে প্রযোজ্য KYC বিধি পরিপালন সাপেক্ষে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩. ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোন: ৯৫৩০২৫২